# খালাই গাছের সাথে কথা বলে

Ursula Nafula
Jesse Pietersen
Asma Afreen
2
বাংলা bn

ইনি খালাই। তার বয়স সাত বছর। তার ভাষা “লুবুকুসু”-তে তার নামের অর্থ হল “ভালো।”

খালাই ঘুম থেকে উঠে কমলা গাছের সাথে কথা বলে।
“কমলা গাছ, অনুগ্রহ করে বড় হও আর আমাদের অনেকগুলো পাকা কমলা দাও।”

খালাই হেঁটে স্কুলে যায়। পথে সে ঘাসের সাথে কথা বলে। “ঘাস, অনুগ্রহ করে সবুজ হয়ে বেড়ে উঠো এবং শুকিয়ে যেও না।”

খালাই বুনোফুলের পাশ দিয়ে যায়। “ফুল, অনুগ্রহ করে প্রস্ফুটিত হতে থাক যেন আমি তোমাকে আমার চুলে সাজাতে পারি।”

খালাই স্কুলপ্রাঙ্গণের মাঝে অবস্থিত গাছের সাথে কথা বলে। “গাছ অনুগ্রহ করে বড় শাখা প্রসারিত কর যেন আমরা তোমার ছায়াতলে পড়তে পারি।”

খালাই স্কুলের চারদিকে বেষ্টিত ঝোপের সাথে কথা বলে। “অনুগ্রহ করে শক্তিশালী হয়ে বেড়ে ওঠ এবং খারাপ লোকদের ভিতরে আসতে বাঁধা দাও।”

যখন খালাই স্কুল থেকে ঘরে ফিরে, তখন সে কমলা গাছের সাথে দেখা করে। “তোমার কমলাগুলো কি পেকেছে?” খালাই জিজ্ঞেস করে।

“কমলাগুলো এখনও সবুজ,” খালাই দীর্ঘশ্বাস ফেলে। “আমি তোমার সাথে কাল দেখা করব, কমলা গাছ,” খালাই বলে। “হয়তো তখন তোমার আমার জন্য একটি পাকা কমলা থাকবে!”

# Global Storybooks

globalstorybooks.net

## খালাই গাছের সাথে কথা বলে


Ursula Nafula
Jesse Pietersen
Asma Afreen


CC BY